

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০১.০১৪.০০.০০.৪২৫.২০১২-৬৭৬

তারিখ-০২/০৯/২০১৬ খ্রিঃ


বিষয় : আশ্রয়ণ প্রকল্পের ব্যারাক হস্তান্তর গ্রহন।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর এর ১২/০৭/২০১৬ খ্রিঃ তারিখের - ০৫.৪২.১৩২২.০০২.৪৯.০০১.১৬-৫১২ নং স্মারকে

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আশ্রয়ণ প্রকল্পের ব্যারাকসমূহ সশস্ত্র বাহিনী বিভাগ অনুমোদিত Design ও Estimate অনুযায়ী নির্মাণ করে স্থানীয় প্রশাসনের নিকট হস্তান্তর করে থাকে। ফলে স্থানীয় প্রশাসন তথা উপজেলা নির্বাহী অফিসার কোন ক্রটিপূর্ণ ব্যারাকের দখল হস্তান্তর গ্রহন করতে পারবেন না। দখল বুঝে নেয়ার সময় উপজেলা নির্বাহী অফিসারগণকে ব্যারাক অনুমোদিত Design ও Estimate অনুযায়ী নির্মাণ করা হয়েছে মর্মে নিশ্চিত হয়েই ব্যারাকের দখল গ্রহন করতে হবে। নির্মিত ব্যারাকে কোনরূপ ক্রটি বিদ্যুতি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা প্রকল্প কার্যালয় ও এ এফ ডি এর স্থানীয় ফরমেশনকে অবহিত করতে হবে।

২। এ বিষয়ে গত ২৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্যারাক নির্মাণ কাজের পরবর্তী ১ বছরের মধ্যে কোন প্রকার ক্রটি পরিলক্ষিত হলে তা সংশ্লিষ্ট ঠিকাদার নিজ উদ্যোগে মেরামত করে দিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নকল্পে ১ বৎসরের মধ্যে কোন ব্যারাকের ক্রটি দেখা দিলে তা সেনাবাহিনীর সংশ্লিষ্ট ফরমেশন ও প্রকল্প কার্যালয়কে অবহিত করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, ব্যারাকের দখল বুঝে নেয়ার সময় তা Design ও Estimate অনুযায়ী মানসম্মতভাবে নির্মাণ কাজ হয়েছে মর্মে নিশ্চিত হয়ে ব্যারাকের হস্তান্তর গ্রহন করতে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

  
(এস.এম হামিদুল হক)  
উপ-প্রকল্প পরিচালক  
☎: ৯১১৪৩২১

উপজেলা নির্বাহী অফিসার,  
চাঁদপুর সদর, চাঁদপুর।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।
- ২। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৩। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল).....তাকে ব্যারাকের দখল গ্রহনকালে পত্রের মর্মার্থ অনুসরণ করার অনুরোধ করা হলো।
- ৫। অফিস কপি।